# উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জুয়েল ভৌমিক<br>উপজেলা নির্বাহী অফিসার<br>আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ। |
| তারিখ | : | ২৭/০৯/২০২৩ খ্রি |
| সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |

## উপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট -"খ"তে দেখানো হলো

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, আজমিরীগঞ্জ জানান যে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৫৮, তারিখ: ০৩/০৯/২০২৩খ্রি: ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, হবিগঞ্জ মহোদয়ের নথি নং- ১২.১৭.৩৬০০.০০০.২৩.১১৫২(৩৮), তারিখঃ ১৭/০৯/২০২৩ খ্রি. মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে রবি/২০২৩-২৪ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম ও মসুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান কর্মসূচির বরাদ্দপত্র সভায় উপস্থাপন করার প্রেক্ষিতে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

০১। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত পুনর্বাসন কর্মসূচি
০২। উপজেলা কমিটি কর্তৃক ইউনিয়নভিত্তিক বিভাজন
০৩। অগ্রাধিকার তালিকা প্রনয়ন
০৪। কর্মসূচীর উপকরণ কৃষকদের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা
উপর্যুক্ত আলোচ্য সূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত পুনর্বাসন কর্মসুচি | ২০২৩-২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম ও মসুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি অতিসত্বর বাস্তবায়নের নিমিত্ত সর্বোচ্চ ১(এক) বিঘা জমিতে প্রতিজন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে গম (২০ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি), ভুট্টা (২ কেজি বীজ, ২০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি), সরিষা (১ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি), সূর্যমুখী (১ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি), চিনাবাদাম (১০ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ৫ কেজি এমওপি), এবং মসুর(৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ৫ কেজি এমওপি) বিনামূল্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিশিষ্ট "ক" মোতাবেক অত্র উপজেলার ১ টি পৌরসভা ও ৫ টি ইউনিয়ন এর কৃষক সংখ্যা, উপকরণের পরিমাণ, উপকরণের মূল্য ও পরিবহন খাতে নীতিমালা অনুযায়ী বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দকৃত অর্থ বর্ণিতখাত ব্যতীত অন্যকোন খাতে ব্যয় করা যাবে না এবং অব্যয়িত অর্থ ৩০ জুন/২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোডে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে। | বিস্তারিত আলোচনা শেষে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক রোডম্যাপ অনুযায়ী সুষ্ঠুভাবে কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |

CamScanner

| | ...লোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | উপজেলা কমিটি কর্তৃক ইউনিয়নভিত্তিক বিভাজন | কর্মসুচি বাস্তবায়নের জন্য ইউনিয়নভিত্তিক বিভাজন প্রয়োজন মর্মে কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে ইউনিয়নভিত্তিক বিভাজন করা হয় যা পরিশিষ্ট "ক"তে বর্ণিত। | | উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি |
| ০৩ | অগ্রাধিকার তালিকা প্রনয়ন | কর্মসুচি সফল বাস্তবায়নের জন্য আগামী ০৩/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অগ্রাধিকার তালিকা প্রনয়ন এবং প্রণীত তালিকা ০৪/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনের প্রয়োজন বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন এবং অগ্রাধিকার তালিকা প্রনয়নের পদ্ধতি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করেন। | কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৫৮, তারিখ: ০৩/০৯/২০২৩খ্রি এর কর্মসূচির বাস্তবায়ণ শর্তাবলী ৫(৪) অনুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তালিকা ০৩/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে প্রস্তুতকৃত তালিকা যাচাই-বাছাই করে ০৪/১০/২০২৩ খ্রিঃ তারিখে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এছাড়া যথাসময়ে উপকরণ সংগ্রহ করে তালিকাভুক্ত কৃষকদের মধ্যে সুষ্ঠুভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি, ইউনিয়ন কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি। |
| ০৪ | কর্মসূচীর উপকরণ কৃষকদের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান, কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৫৮, তারিখ: ০৩/০৯/২০২৩খ্রি এর কর্মসূচির বাস্তবায়ণ শর্তাবলী ৯, ১০ অনুযায়ী সার বিতরণের ক্ষেত্রে সারের বস্তা না ভেঙ্গে প্রতি ০৫(পাঁচ) জন অথবা ১০(দশ) জনের গ্রুপের মাধ্যমে বিতরণকরা হবে। কোন ক্রমেই এক জনের উপকরণ অন্য জন গ্রহণ করতে পারবেন না। | বিস্তারিত আলোচনা শেষে জেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উপকরণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

সংযুক্তঃ ১। পরিশিষ্ট ক এবং পরিশিষ্ট খ।
২। কৃষি মন্ত্রণালয়ের শর্তাবলী / নীতিমালা- ৩(তিন) ফর্দ।

(জুয়েল ভৌমিক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।

CamScanner

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, হবিগঞ্জ -২( আজমিরীগঞ্জ ,বানিয়াচং )
২। জেলা প্রশাসক, হবিগঞ্জ ।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, হবিগঞ্জ ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।
৫। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।
৬। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।
৭। উপজেলা ............................................অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।(সদস্য)
৮। চেয়ারম্যান ......................................... ইউনিয়ন পরিষদ (সকল) আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।
৯। জনাব ........................................................................................ । (সদস্য)
১০। অফিস কপি

২৭/০৩/২৫

(মোঃ লুৎফে আল মুঈজ)
উপজেলা কৃষি অফিসার
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ ।
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ।

CamScanner

## উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভায় উপস্থিতির তালিকা :

স্থানঃ                                                                                     তারিখঃ

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | মোঃ লুৎফে আল মুর্শেদ | UAO | [signature] |
| | সুবোধ মন্ডল | PIO | [signature] |
| | মোঃ আনিছুর রহমান | U.F.O | [signature] |
| | বিশ্বজিত দাস | URDO | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

CamScanner